দৈনিক সংবাদ

34

তারিখ : AUG. 24 1999
পৃষ্ঠা : ৬ কলাম : ৬

# লক্ষ্মীপুরকে নিরক্ষরমুক্ত করার কর্মসূচি গ্রহণ

লক্ষ্মীপুর থেকে মোঃ জাকির হোসেন : লক্ষ্মীপুর জেলা প্রশাসন আগামী ২ হাজার সালের মধ্যে লক্ষ্মীপুর জেলাকে নিরক্ষরমুক্ত করার এক কর্মসূচি হাতে নিয়েছে।

প্রস্ফুটিত লক্ষ্মীপুর নামে সমিতি গঠন করে প্রাথমিক কার্যাদি সম্পন্ন করে সারা জেলায় জরিপশেষে ১২ লাখ লোকের মধ্যে ১১ থেকে ৪৫ বছর বয়সের নিরক্ষর ৩ লাখ ৪০ হাজার ১শ' ১৭ জন নারী-পুরুষকে নিরক্ষরমুক্ত করা হবে। উক্ত জ্ঞান প্রদানের জন্য আগামী ১৫ই সেপ্টেম্বর থেকে দেশব্যাপী সার্বিক সাক্ষরতা আন্দোলন কার্যক্রম পূর্ণাঙ্গভাবে চালু করার সিদ্ধান্ত নিয়ে গত ৯ই আগস্ট সরকারের কাছে প্রস্ফুটিত লক্ষ্মীপুর প্রকল্পের জন্য সভাপতি ও জেলা প্রশাসক এ, কে, এম মাহবুব আলম ১২ কোটি ৯৮ লাখ ৮৫ হাজার ১শ' ৫০ টাকার বাজেট অনুমোদনের জন্য প্রেরণ করেছেন।